

১৭/০১/১৯৯



জেলা পরিষদ কার্যালয়

খুলনা

website: www.zpkhulna.com



উন্নয়নের গনতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

খুলনা জেলা পরিষদ কর্তৃক ২০২০-২১ অর্থ বছরে এককালীন বৃত্তি প্রদানের লক্ষ্যে ২০২০ সালে এসএসসি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খুলনা জেলার স্থায়ী বাসিন্দা, গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

- আবেদনকারীর ২০২০ সনের এসএসসি বা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ এবং অন্যান্য বিভাগে জিপিএ ৪.৭৫ থাকতে হবে।
- মুক্তিযোদ্ধা পোষ্যদের ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল বিভাগে জিপিএ ৪.০০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজ সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে খুলনা জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যেকোন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- আবেদনের জন্য নির্ধারিত ফরম খুলনা জেলা পরিষদ কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- আবেদনপত্রে বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।
- আবেদনপত্রে সাথে আবেদনকারীর ০২ (দুই) কপি পাসপোর্ট ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- আবেদন পত্রের সাথে এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদপত্র ও নম্বর ফর্দ সংযুক্ত করতে হবে।
- আবেদনকারী খুলনা জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীর আর্থিক সচ্ছলতা স্বপক্ষে স্ব-স্ব উপজেলার (ওয়ার্ডের) জেলা পরিষদ সদস্য'র নিকট থেকে সুপারিশ গ্রহন করতে হবে।
- আবেদনকারীকে নিজ হস্তে আবেদন ফরম পূরণ পূর্বক পূর্ণ নামসহ স্বাক্ষর করতে হবে।
- নির্ধারিত ফরমে আবেদনপত্র ৩১.১২.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।
- অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রয়োজনে বিস্তারিত তথ্যাদি খুলনা জেলা পরিষদ কার্যালয় থেকে জানা যাবে।
- সকল প্রকার কাগজপত্র, নম্বরফর্দ, সনদপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবী থাকতে হবে।

(মোঃ আছাদুজ্জামান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা

তারিখঃ ১৭.০১.২০২০

স্মারক নম্বর : জেপখ/ছয়-৭১/২০২০-২১/ ৫৪৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, খুলনা।
- ০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৫। জেলা প্রশাসক, খুলনা।
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
- ০৭। পুলিশ সুপার, খুলনা।
- ০৮। সিভিল সার্জন, খুলনা।
- ০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপসা/তেরখাদা/দিঘলিয়া/ফুলতলা/ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/পাইকগাছা/কয়রা, খুলনা।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, রূপসা/তেরখাদা/দিঘলিয়া/ফুলতলা/ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/পাইকগাছা/কয়রা, খুলনা।
- ১১। মেয়র, পাইকগাছা/চালনা পৌরসভা, খুলনা।
- ১২। অধ্যক্ষ,মহাবিদ্যালয়, খুলনা (সকল)।
- ১৩। সদস্য, জেলা পরিষদ, খুলনা (সকল)।
- ১৪। জেলা শিক্ষা কর্মকর্তা, খুলনা।
- ১৫। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ/ গনপূর্ত বিভাগ-০১/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ এলজিইডি, খুলনা।
- ১৬। উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, খুলনা।
- ১৭। নোটিশ বোর্ড, খুলনা জেলা পরিষদ/ ওয়েবসাইট।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা